



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
সুনামগঞ্জ সরকারি কলেজ, সুনামগঞ্জ
ফোনঃ ০২৯৯৬৬০০৭২৬ ইমেইল - sgovc@yahoo.com
ওয়েবসাইটঃ www.sugc.edu.bd



স্মারক নং: সুসক/সম্মান ভর্তি/২০২২/০৫

তারিখঃ ০৩/১০/২০২২ খ্রিস্টাব্দ

২০২১-২০২২ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ২য় রিলিজ স্লিপে ভর্তি বিজ্ঞপ্তি

এতদ্বারা ২০২১-২০২২ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক ০২ অক্টোবর, ২০২২ খ্রিস্টাব্দ তারিখে প্রকাশিত ২য় রিলিজ স্লিপের মেধা তালিকায় সুনামগঞ্জ সরকারি কলেজে স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, তাদের ভর্তি প্রক্রিয়া নিম্নবর্ণিত তারিখ ও সময় অনুযায়ী সম্পাদিত হবে।

ভর্তি ফি

স্নাতক (সম্মান) বিষয়	ফিসের বিবরণ	টাকার পরিমাণ	মোট
গণিত উদ্ভিদবিজ্ঞান	ভর্তি ফি	৩৪৫৮/-	৫৭০৮/- (মুসলিম)
	৪ বছরের সেমিনার ফি (বিজ্ঞান অনুষদ)	২২০০/-	
	মসজিদ/মন্দির	৫০/৬০	
অর্থনীতি ইংরেজি বাংলা দর্শন হিসাববিজ্ঞান ব্যবস্থাপনা	ভর্তি ফি	৩৩৫৮/-	৫০০৮/- (মুসলিম)
	৪ বছরের সেমিনার ফি (কলা ও ব্যবসায় শিক্ষা অনুষদ)	১৬০০/-	
	মসজিদ/মন্দির	৫০/৬০	

ভর্তি প্রক্রিয়া

ক্রমিক ধাপসমূহ	তারিখ
১ম ধাপ অনলাইনে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে ফরম পূরণ ও ডাউনলোড	০৩/১০/২০২২ হতে ১৬/১০/২০২২
২য় ধাপ সোনালী ব্যাংক অনলাইন পেমেন্ট সিস্টেমের মাধ্যমে টাকা জমাদান	০৩/১০/২০২২ হতে ১৭/১০/২০২২
৩য় ধাপ প্রয়োজনীয় কাগজপত্র সংশ্লিষ্ট বিভাগে জমাদান	০৩/১০/২০২২ হতে ২০/১০/২০২২

২য় রিলিজ ট্রিপের মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের করণীয়ঃ

১। ২য় রিলিজ ট্রিপের মেধা তালিকায় স্থানপ্রাপ্ত ভর্তি ইচ্ছুক শিক্ষার্থী ২০২০-২০২১ শিক্ষাবর্ষে কোন শিক্ষা কার্যক্রমে ভর্তি হয়ে থাকলে তাকে অবশ্যই ১২ অক্টোবর, ২০২২ খ্রিস্টাব্দ তারিখের মধ্যে পূর্ববর্তী শিক্ষাবর্ষের ভর্তি বাতিল করে চূড়ান্ত ভর্তি ফরম উত্তোলন করতে হবে।

২। আত্মহী শিক্ষার্থীরা জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট (www.nu.ac.bd/admissions) - এ Applicant Login অপশনে Honours Login লিংকে গিয়ে সঠিক রোল নম্বর ও পিন এন্ট্রি দিয়ে চূড়ান্ত ভর্তি ফরম পূরণ করবে। পূরণকৃত ভর্তির মূল আবেদন ফরম ০২ কপি (Applicant's Copy & College Copy) A4 সাইজ কাগজে প্রিন্ট করে সংরক্ষণ করবে, যা পরবর্তীতে সংশ্লিষ্ট বিভাগে জমা দিতে হবে। ফরম ডাউনলোড করা না হলে শিক্ষার্থীকে কোনভাবেই ভর্তি করা সম্ভব না।

৩। ভর্তির মূল আবেদন ফরমের রোল নম্বর ও নাম যাচাই করে সোনালী ব্যাংক অনলাইন পেমেন্ট সিস্টেমের মাধ্যমে টাকা জমা দিবে। শিক্ষার্থী / ভর্তিচ্ছুরা যেকোন মোবাইল ওয়ালেট (বিকাশ / নগদ / রকেট) অথবা কার্ড (ভিসা / মাস্টার / এমেস / ডিবিবিএল নেস্কাস) এবং সোনালী ব্যাংক একাউন্ট হতে বিভিন্ন প্রকার ফি প্রদান করতে পারবে। শিক্ষার্থীর নিজের কোন প্রকার ভুলের জন্য কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

প্রয়োজনীয় কাগজপত্র যা শিক্ষার্থীকে সংশ্লিষ্ট বিভাগে অবশ্যই জমা দিতে হবেঃ

ক) জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট (www.nu.ac.bd/admissions) মাধ্যমে প্রাপ্ত ভর্তির মূল আবেদন ফরম ০১ কপি (College Copy) A4 সাইজ কাগজে প্রিন্ট করে জমা দিবে।

খ) এসএসসি ও এইচএসসি পরীক্ষার একাডেমিক ট্রান্সক্রিপ্ট ও রেজিস্ট্রেশন কার্ডের এক সেট ফটোকপি।

গ) দুই কপি সদ্য তোলা রঙ্গিন পাসপোর্ট সাইজের ছবি (ছবি অবশ্যই মার্জিত ও অফিসিয়াল হতে হবে) এবং ছবির পেছনে শিক্ষার্থীর পূর্ণ নাম ও ভর্তির পর বিভাগ থেকে প্রাপ্ত রোল নম্বর লিখে দিতে হবে।

ঘ) প্রাথমিক ফরমের ভর্তির আবেদন ফরমের নিচের অংশ (যা পূর্বে ফেরত দেয়া হয়েছিল) এর ১ কপি ফটোকপি।

ঙ) সোনালী ব্যাংক অনলাইন পেমেন্ট সিস্টেমের মাধ্যমে টাকা জমাদানের রশিদ।

চ) একটি সাইজের খামের উপর শিক্ষার্থীর নাম, ভর্তির বিভাগ, ভর্তির পর সংশ্লিষ্ট বিভাগ হতে প্রাপ্ত ক্লাস রোল এবং মোবাইল নম্বর (নিজের অথবা অভিভাবকের) লিখে A4 সাইজের খামের মধ্যে কাগজপত্রসহ সংশ্লিষ্ট বিভাগে জমা দিবে।

প্রতিস্বাক্ষরিত



০৩/১০/২০২২খ্রি.

প্রফেসর রজত কান্তি সোম

আইডি নং-৪২৪৭

অধ্যক্ষ

সুনামগঞ্জ সরকারি কলেজ, সুনামগঞ্জ।


০৬/১০/২২
আহবায়ক

সম্মান ১ম বর্ষ ভর্তি কমিটি ২০২১-২০২২

সুনামগঞ্জ সরকারি কলেজ, সুনামগঞ্জ।